



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৯.২০১৯/ ১৩৪০/৬

তারিখ: ২২/১২/২০২০খ্রি.

বিষয় : পঁচপোটল ডিগ্রি কলেজ, ধনবাড়ী, টাঙ্গাইল-এর ডিগ্রি স্থরের ০৪ (চার) জন তৃতীয় শিক্ষক হিসেবে এমপিওভুক্তি।

সূত্র : ১. শিক্ষা মন্ত্রণালয়ে স্মারক: ৩৭.০২.০০০০.১০৫.৩১.২২৩.২০১৯/৩৯১৩/৭, তারিখ: ১৭/০৯/২০১৯

২. স্মারক নং মাউশি/ঢাকা/সেসেপ/২০১৭/৯১৪ তারিখ : ২৮/১১/২০১৯ খ্রি.

৩. পঁচপোটল ডিগ্রি কলেজের স্মারক নং- ১০/০৬/২০১৯, ৩০/০৫/২০১৯ ও ১০/০৮/২০১৯ তারিখের আবেদন;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পঁচপোটল ডিগ্রি কলেজ, ধনবাড়ী, টাঙ্গাইল-এর ডিগ্রি স্থরে ৩য় শিক্ষক হিসেবে চারজন শিক্ষকের এমপিওভুক্তির জন্য অধ্যক্ষ আবেদন করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রস্তাবিত শিক্ষকদের নিয়োগ প্রক্রিয়া, প্রাপ্যতা ও এমপিও ভুক্তির শর্তাবলী যথাযথ কিনা এ বিষয়ে সুস্পষ্ট মতামতের জন্য স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.২২৩.২০১৯/৩৯১৩/৭, তারিখ: ১৭/০৯/২০১৯ মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, (১) জনাব মো: জুলহাস উদ্দিন, প্রভাষক (হিসাববিজ্ঞান); (২) জনাব আবু হেনা মো: মোস্তফা কামাল, প্রভাষক (দর্শন); (৩) মো: জাকির হোসেন, প্রভাষক (রাষ্ট্র বিজ্ঞান); (৪) জনাব মো: ফয়জুর রহমান, প্রভাষক (ইসলাম শিক্ষা) একই নিয়োগ বিজ্ঞপ্তির পত্রিকা বারবার উপস্থাপন করা, নিয়োগ বিজ্ঞপ্তির পত্রিকা ত্রুটিপূর্ণ, নিয়োগ সম্পর্কিত রেজুলেশন বহিতে অবৈধভাবে পৃষ্ঠা সংযোজন ও গড়মিল তথ্য, একই নিয়োগ বোর্ডের অধীনে একই তারিখে একই পদ ও বিষয়ে নিয়োগ পরীক্ষার ভিন্ন ভিন্ন নম্বর পত্র তৈরী করা, নিয়োগ পরীক্ষার নম্বরপত্রে নিয়োগ বোর্ডের সদস্যদের স্বাক্ষর ও পদবী গড়মিল, শিক্ষক হাজিরা ত্রুটিপূর্ণ ও হাজিরা স্বাক্ষর না থাকায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত শিক্ষক তালিকা ও গভর্নিং বডি'র সাবেক সভাপতি কর্তৃক সরবরাহকৃত শিক্ষক তালিকায় বর্ণিত তদন্তাধীন শিক্ষকের নাম না থাকায় এটাই প্রমানিত হয় যে, জাল-জালিয়াতির মাধ্যমে নিয়োগসংক্রান্ত ও অন্যান্য রেকর্ড পত্র প্রস্তুত করে ০৪ জন শিক্ষক-কে তৃতীয় শিক্ষক হিসেবে এমপিওভুক্তির জন্য আবেদন করা হয়েছে। হিসাববিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মো: জুলহাস উদ্দিন মধুপুর শহীদ স্মৃতি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ২১/০৩/২০০৫খ্রি. অফিস সহকারী পদে যোগদান করেন এবং ০১/০৬/২০০৬ খ্রি. এমপিওভুক্ত হয়ে অদ্যবধি নিয়মিত চাকুরী করছেন এবং নিয়মিত বেতন-ভাতাদি গ্রহণ করছেন। এ বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য মাউশি অধিদপ্তর এর স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৯.২০১৯/৫৩০/৭, তারিখ: ১৫/০৭/২০২০ খ্রি. মোতাবেক পত্র প্রেরণ করা হয়। অধ্যক্ষ কর্তৃক ১৯/৭/২০২০ তারিখের পত্রে বর্ণিত শিক্ষক নিয়োগের বিষয়ে ব্যাখ্যা প্রদান করেন যা সন্তোষজনক নয়।

এমতাবস্থায়, পঁচপোটল ডিগ্রি কলেজ, ধনবাড়ী, টাঙ্গাইল-এর ডিগ্রি স্থরে ৩য় শিক্ষক হিসেবে উল্লিখিত ০৪ (চার) জন শিক্ষকের নিয়োগ সংক্রান্ত প্রমাণক ও তথ্য জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ও বিধি অনুসারে সঠিক না হওয়ায় তাদের এমপিওভুক্তির সুযোগ নাই মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।

২২.১২.২০২০
(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

পঁচপোটল ডিগ্রী কলেজ

ধনবাড়ী, টাঙ্গাইল।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
(পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ)
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, পঁচপোটল ডিগ্রী কলেজ, ধনবাড়ী, টাঙ্গাইল।
- ৩। উপ-পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল। (পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ)
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল। (পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ)।
- ৬। সংরক্ষণ নথি।